वाश्नाप्सम्बर्धे भूतर्गज्ञमुन्नी Bangladesh

ডাক (৮)। অফিস ব্যবস্থাপনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ



আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৭৫০.১১.৪৮২

তারিখ্য ৩১ বৈশাখ ১৪৩১

১৪ মে ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৮৬৫৭/২০১১ মোকদ্দমায় প্রদন্ত রায়/আদেশ এবং সংশ্লিষ্ট কনটেম্পট্ নোটিশের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় আইনগত

ব্যবস্থা গ্রহণপূর্বক স্থানীয় সরকার বিভাগ-কে অবহিতকরণ।

সূত্র: জনাব মোহাম্মদ সিরাজুম মনির, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হতে প্রাপ্ত ২৯ এপ্রিল, ২০২৪ তারিখের কনটেম্পট্ নোটিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর পৌরসভার নিয়ন্ত্রণাধীন কবিরবাগ পৌর মহিলা কলেজ-এর শিক্ষক ও কর্মচারীদের সম্পূর্ণ বেতন-ভাতা প্রদানের প্রার্থনার্থে এবং ফরিদপুর পৌর পরিষদের বিশেষ সভার কার্যবিবরণী চ্যালেঞ্জপূর্বক পিটিশনার জনাব শেখ আলী আদ্বিয়া গং কর্তৃক রিট পিটিশন নং ৮৬৫৭/২০১১ রুজু করা হয়। বিবেচ্য মোকদ্দমায় উচ্চ আদালতের বিগত ১৭ অক্টোবর ২০১২ তারিখের রায় ও আদেশ এবং উক্ত মোকদ্দমা হতে উদ্ভূত সিপিএলএ নং ২২৫২/২০১৩-এর ৩১ মে ২০১৫ তারিখের আদেশ বাস্তবায়ন না করার কারণে এ বিভাগের সচিব মহোদয়ের স্বীয় নামে জনাব মোহাম্মদ সিরাজুম মনির, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হতে কনটেম্পট্ নোটিশ প্রেরণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৮৬৫৭/২০১১ মোকদ্দমায় প্রদত্ত রায়/আদেশ এবং সংশ্লিষ্ট কনটেম্পট্ নোটিশের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8956/potrojariAttachmentRef/54285/0/2240)

Who have

28-6-5058

পূরবী গোলদার সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৭৫০.১১.৪৮২/১(৬)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১

১৪ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

মেয়র, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর

- ১) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, নগর উন্নয়ন-২ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

https://lgd.nothi.gov.bd

and the same

১৪-৫-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)